নির্বাচন অগ্রাধিকার
অতীব জরুরি

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০১২.১৯-১৩৬

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৬ / ০৮ মার্চ ২০২০

# পরিপত্র-৫

**বিষয়ঃ চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের নির্বাচনী প্রতীক বরাদ্দ**

উপর্যুক্ত বিষয়ে নির্দেশিত হয়ে সিটি কর্পোরেশন নির্বাচন পরিচালনার লক্ষ্যে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে সাধারণ নির্বাচনে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে নির্ধারিত প্রতীক বরাদ্দের বিষয়ে নির্বাচন কমিশন কর্তৃক প্রদত্ত নিম্নলিখিত নির্দেশাবলীর প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো:

০২। **নির্ধারিত প্রতীক**: কোন পদের জন্য একাধিক প্রতিদ্বন্দ্বী প্রার্থী থাকলে প্রত্যেক প্রার্থী নিম্নে বর্ণিত প্রতীকসমূহের মধ্য হতে তার পছন্দমত যে কোন একটি নির্বাচনি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে:

(ক) মেয়র পদে নির্বাচনে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর ক্ষেত্রে, তফসিল-২;
(খ) মেয়র পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে, তফসিল ৩;
(গ) সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে নির্বাচনের ক্ষেত্রে, তফসিল ৪; এবং
(ঘ) সাধারণ আসনের কাউন্সিলর পদে নির্বাচনের ক্ষেত্রে, তফসিল ৫:

তবে শর্ত থাকে যে, মেয়র প্রার্থীকে তার মনোনয়ন প্রদানকারী রাজনৈতিক দলের জন্য সংরক্ষিত প্রতীক উল্লেখ করতে হবে।

০৩। **বিধিমালায় প্রতীক সংক্রান্ত তফসিল**: স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর তফসিল-২ এ মেয়র পদে নির্বাচনের রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীর জন্য মোট ৪০(চল্লিশ)টি প্রতীক, তফসিল-৩ এ মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য ১২(বার) টি প্রতীক, তফসিল-৪ এ সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে নির্বাচনের জন্য মোট ১০(দশ)টি প্রতীক এবং তফসিল-৫ এ সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য মোট ১২(বার)টি প্রতীক রয়েছে। তফসিলে নির্ধারিত প্রতীকগুলো নিম্নরূপ:

## তফসিল-২

মেয়র পদে রাজনৈতিক দলের মনোনীত প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | | | |
|---|---|---|---|
| ১। ছাতা | ১৪। তারা | ২৭। কাঁঠাল | ৪০। টেলিভিশন; |
| ২। বাই-সাইকেল | ১৫। গোলাপ ফুল | ২৮। সিংহ | |
| ৩। চাকা | ১৬। মই | ২৯। চেয়ার | |
| ৪। গামছা | ১৭। গরুর গাড়ি | ৩০। হাত ঘড়ি | |
| ৫। কাস্তে | ১৮। ফুলের মালা | ৩১। মিনার | |
| ৬। নৌকা | ১৯। বটগাছ | ৩২। রিক্সা | |
| ৭। ধানের শীষ | ২০। হারিকেন | ৩৩। হাত পাখা | |
| ৮। কবুতর | ২১। আম | ৩৪। মোমবাতি | |
| ৯। কুঁড়ে ঘর | ২২। খেজুর গাছ | ৩৫। হুক্কা | |
| ১০। হাতুড়ি | ২৩। উদীয়মান সূর্য | ৩৬। কোদাল | |
| ১১। কুলা | ২৪। মাছ | ৩৭। দেওয়াল ঘড়ি | |
| ১২। লাঙ্গল | ২৫। বাঘ | ৩৮। হাত (পাঞ্জা) | |
| ১৩। মশাল | ২৬। গাভি | ৩৯। ছড়ি | |

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭
যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

তফসিল-৩

মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীদের জন্য সংরক্ষিত প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। ক্রিকেট ব্যাট | ৭। দিয়াশলাই |
| ২। ঘোড়া | ৮। ফ্লাস্ক |
| ৩। চরকা | ৯। বাস |
| ৪। টেবিল ঘড়ি | ১০। ময়ুর |
| ৫। টেলিস্কোপ | ১১। হরিণ |
| ৬। ডিস এন্টেনা | ১২। হাতি |

তফসিল-৪

সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের নির্বাচনে প্রার্থীদের প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। আনারস | ৬। বই |
| ২। গ্লাস | ৭। বেহালা |
| ৩। চশমা | ৮। মোবাইল ফোন |
| ৪। জিপ গাড়ি | ৯। স্টিল আলমারি |
| ৫। ডলফিন | ১০। হেলিকপ্টার |

''তফসিল-৫

সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনে প্রার্থীদের প্রতীকসমূহের তালিকা

| | |
|---|---|
| ১। এয়ারকন্ডিশনার | ৭। ট্রাক্টর |
| ২। করাত | ৮। ঠেলাগাড়ি |
| ৩। কাঁটা চামচ | ৯। ব্যাডমিন্টন র‌্যাকেট |
| ৪। ঘুড়ি | ১০। মিষ্টি কুমড়া |
| ৫। ঝুড়ি | ১১। রেডিও |
| ৬। টিফিন ক্যারিয়ার | ১২। লাটিম |

০৪। **মাননীয় হাইকোর্টের আদেশে রাজনৈতিক দলের নিবন্ধন ও প্রতীক সংরক্ষণ:** রীট পিটিশন নং- ১০৭৯৩/২০১৮ এর আলোকে মাননীয় হাইকোর্টের ১৪ নভেম্বর ২০১৮ তারিখের আদেশে বাংলাদেশ কংগ্রেসকে রাজনৈতিক দল হিসেবে নিবন্ধন প্রদান ও ডাব প্রতীক সংরক্ষণ করে নির্বাচন কমিশন হতে ১৭.০০.০০০০.০২৫.৫০.০৭৭.১৮-৬৩৪ স্মারকমূলে প্রজ্ঞাপন জারি করা হয়, যা ১২ মে ২০১৯ তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। উল্লিখিত আদেশের আলোকে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর তফসিল-২ এ ডাব প্রতীক অন্তর্ভুক্ত করতঃ বিধিমালায় সংশোধন আনয়নের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ বিভাগে প্রেরণ করা হয়। তবে অদ্যাবধি লেজিসলেটিভ বিভাগ হতে ভেটিং সম্পন্ন করে এস.আর.ও আকারে জারি হয়নি।

**০৫। অতিরিক্ত প্রতীক:** প্রতীক বরাদ্দ করার ক্ষেত্রে যদি প্রার্থিতা প্রত্যাহারের পর মেয়র পদে স্বতন্ত্র প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এর অধিক, সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে মোট প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১০ এর অধিক এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে মোট প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এর অধিক হয়, তাহলে প্রতীক বরাদ্দের জন্য আরও অতিরিক্ত প্রতীকের প্রয়োজন হবে। এরূপ পরিস্থিতি মোকাবেলার জন্য বিধিমালার ১৯ বিধির (৩) উপ-বিধি অনুসারে নির্বাচন কমিশন কর্তৃক মেয়র পদের জন্য, সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য এবং সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য ভিন্ন ভিন্ন তালিকা এ পরিপত্রে দেয়া হয়েছে।

০৬। **মেয়র পদের নির্বাচনি প্রতীকের সাধারণ তালিকাঃ** মেয়র পদে রাজনৈতিক দলের প্রার্থীদের জন্য তফসিল-২ ও এ পরিপত্রের অনুচ্ছেদ-৪ এর নির্দেশনা অনুসারে সংরক্ষিত প্রতীকের মধ্য হতে তার দলের জন্য সংরক্ষিত প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। মেয়র পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর জন্য তফসিল-৩ এ বর্ণিত নির্ধারিত প্রতীকের তালিকায় সর্বমোট ১২টি প্রতীক রয়েছে। স্বতন্ত্র মেয়র প্রার্থীদের উল্লিখিত ১২ (বার)টি প্রতীক হতে যেকোন একটি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। প্রার্থিতা প্রত্যাহারের পর সিটি কর্পোরেশনের মেয়র পদে প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থীর সংখ্যা ১২ এ সীমাবদ্ধ থাকলে সেইক্ষেত্রে রিটার্নিং অফিসারকে মেয়র পদের স্বতন্ত্র প্রার্থীর জন্য নির্ধারিত তফসিল-৩ এ বর্ণিত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে। ৪০ (চল্লিশ) টি নিবন্ধিত রাজনৈতিক দলের নাম ও সংরক্ষিত প্রতীকের তালিকা নিম্নে দেয়া হলো:

## নিবন্ধিত রাজনৈতিক দলের নাম ও সংরক্ষিত প্রতীকের তালিকা

| ক্রমিক নং | নিবন্ধন নম্বর ও তারিখ | নিবন্ধিত রাজনৈতিক দলের নাম | সংরক্ষিত প্রতীকের নাম |
|---|---|---|---|
| ১ | ০০১/ ২০.১০.২০০৮ | লিবারেল ডেমোক্রেটিক পার্টি - এলডিপি | ছাতা |
| ২ | ০০২/ ২০.১০.২০০৮ | জাতীয় পার্টি - জেপি | বাইসাইকেল |
| ৩ | ০০৩/ ০৩.১১.২০০৮ | বাংলাদেশের সাম্যবাদী দল (এম.এল) | চাকা |
| ৪ | ০০৪/ ০৩.১১.২০০৮ | কৃষক শ্রমিক জনতা লীগ | গামছা |
| ৫ | ০০৫/ ০৩.১১.২০০৮ | বাংলাদেশের কমিউনিস্ট পার্টি | কাস্তে |
| ৬ | ০০৬/ ০৩.১১.২০০৮ | বাংলাদেশ আওয়ামী লীগ | নৌকা |
| ৭ | ০০৭/ ০৩.১১.২০০৮ | বাংলাদেশ জাতীয়তাবাদী দল - বি.এন.পি | ধানের শীষ |
| ৮ | ০০৮/ ০৩.১১.২০০৮ | গণতন্ত্রী পার্টি | কবুতর |
| ৯ | ০০৯/ ০৩.১১.২০০৮ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি | কুঁড়েঘর |
| ১০ | ০১০/ ০৩.১১.২০০৮ | বাংলাদেশের ওয়ার্কার্স পার্টি | হাতুড়ী |
| ১১ | ০১১/ ০৩.১১.২০০৮ | বিকল্পধারা বাংলাদেশ | কুলা |
| ১২ | ০১২/ ০৩.১১.২০০৮ | জাতীয় পার্টি | লাঙ্গল |
| ১৩ | ০১৩/ ০৩.১১.২০০৮ | জাতীয় সমাজতান্ত্রিক দল - জাসদ | মশাল |
| ১৪ | ০১৫/ ০৯.১১.২০০৮ | জাতীয় সমাজতান্ত্রিক দল - জেএসডি | তারা |
| ১৫ | ০১৬/ ০৯.১১.২০০৮ | জাকের পার্টি | গোলাপ ফুল |
| ১৬ | ০১৭/ ০৯.১১.২০০৮ | বাংলাদেশের সমাজতান্ত্রিক দল | মই |
| ১৭ | ০১৮/ ০৯.১১.২০০৮ | বাংলাদেশ জাতীয় পার্টি - বিজেপি | গরুর গাড়ী |
| ১৮ | ০১৯/ ০৯.১১.২০০৮ | বাংলাদেশ তরিকত ফেডারেশন | ফুলের মালা |
| ১৯ | ০২০/ ১৩.১১.২০০৮ | বাংলাদেশ খেলাফত আন্দোলন | বটগাছ |
| ২০ | ০২১/ ১৩.১১.২০০৮ | বাংলাদেশ মুসলিম লীগ | হারিকেন |
| ২১ | ০২২/ ১৩.১১.২০০৮ | ন্যাশনাল পিপলস্ পার্টি | আম |
| ২২ | ০২৩/ ১৩.১১.২০০৮ | জমিয়তে উলামায়ে ইসলাম বাংলাদেশ | খেজুরগাছ |
| ২৩ | ০২৪/ ১৩.১১.২০০৮ | গণফোরাম | উদীয়মান সূর্য |
| ২৪ | ০২৫/ ১৩.১১.২০০৮ | গণফ্রন্ট | মাছ |
| ২৫ | ০২৬/ ১৩.১১.২০০৮ | প্রগতিশীল গণতান্ত্রিক দল | বাঘ |
| ২৬ | ০২৭/ ১৩.১১.২০০৮ | বাংলাদেশ ন্যাশনাল আওয়ামী পার্টি - বাংলাদেশ ন্যাপ | গাভী |
| ২৭ | ০২৮/ ১৬.১১.২০০৮ | বাংলাদেশ জাতীয় পার্টি | কাঁঠাল |
| ২৮ | ০৩০/ ১৬.১১.২০০৮ | ইসলামিক ফ্রন্ট বাংলাদেশ | চেয়ার |
| ২৯ | ০৩১/ ১৭.১১.২০০৮ | বাংলাদেশ কল্যাণ পার্টি | হাতঘড়ি |
| ৩০ | ০৩২/ ১৭.১১.২০০৮ | ইসলামী ঐক্যজোট | মিনার |
| ৩১ | ০৩৩/ ২০.১১.২০০৮ | বাংলাদেশ খেলাফত মজলিস | রিক্সা |
| ৩২ | ০৩৪/ ২০.১১.২০০৮ | ইসলামী আন্দোলন বাংলাদেশ | হাতপাখা |
| ৩৩ | ০৩৫/ ২০.১১.২০০৮ | বাংলাদেশ ইসলামী ফ্রন্ট | মোমবাতি |
| ৩৪ | ০৩৬/ ২০.১১.২০০৮ | জাতীয় গণতান্ত্রিক পার্টি | হুক্কা |
| ৩৫ | ০৩৭/ ২০.১১.২০০৮ | বাংলাদেশের বিপ্লবী ওয়ার্কার্স পার্টি | কোদাল |
| ৩৬ | ০৩৮/ ২২.১১.২০০৮ | খেলাফত মজলিস | দেওয়াল ঘড়ি |
| ৩৭ | ০৪০/ ০২.০৬.২০১৩ | বাংলাদেশ মুসলিম লীগ - বিএমএল | হাত (পাঞ্জা) |
| ৩৮ | ০৪১/ ০৮.১০.২০১৩ | বাংলাদেশ সাংস্কৃতিক মুক্তিজোট (মুক্তিজোট) | ছড়ি |
| ৩৯ | ০৪২/ ১৮.১১.২০১৩ | বাংলাদেশ ন্যাশনালিস্ট ফ্রন্ট - বিএনএফ | টেলিভিশন |
| ৪০ | ০৪৩/ ৩০.০১.২০১৯ | জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন-এনডিএম | সিংহ |
| ৪১ | ০৪৪/ ০৯.০৫.২০১৯ | বাংলাদেশ কংগ্রেস ** | ডাব |

** রীট পিটিশন নং- ১০৭৯৩/২০১৮ এর আলোকে মাননীয় হাইকোর্টের ১৪ নভেম্বর ২০১৮ তারিখের আদেশে বাংলাদেশ কংগ্রেসকে রাজনৈতিক দল হিসেবে নিবন্ধন প্রদান ও ডাব প্রতীক সংরক্ষণ করে নির্বাচন কমিশন হতে ১৭.০০.০০০০.০২৫.৫০.০৭৭.১৮-৬৩৪ স্মারকমূলে প্রজ্ঞাপন জারি করা হয়, যা ১২ মে ২০১৯ তারিখের বাংলাদেশ গেজেটের অতিরিক্ত সংখ্যায় প্রকাশিত হয়েছে। উল্লিখিত আদেশের আলোকে স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর তফসিল-২ এ ডাব প্রতীক অন্তর্ভুক্ত করতঃ বিধিমালায় সংশোধন আনয়নের জন্য আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়ের লেজিসলেটিভ বিভাগে প্রেরণ করা হয়। তবে অদ্যাবধি লেজিসলেটিভ বিভাগ হতে ভেটিং সম্পন্ন করে এস.আর.ও আকারে জারি হয়নি।

০৭। **মেয়র পদে স্বতন্ত্র প্রার্থীর ক্ষেত্রে নির্বাচনি প্রতীকের অতিরিক্ত তালিকাঃ** মেয়র পদে নির্বাচনে স্বতন্ত্র প্রার্থীর সংখ্যা যেক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থী ১২ এর উর্দ্ধে, সেক্ষেত্রে বিধিমালার ১৯ (৩) বিধি অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত প্রতীকের অতিরিক্ত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে ।

০৮। **সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের নির্বাচনি প্রতীকের সাধারণ তালিকাঃ** সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য নির্ধারিত প্রতীকের তফসিল-৪ এ বর্ণিত তালিকায় সর্বমোট ১০টি প্রতীক রয়েছে। সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের উল্লিখিত ১০ (বার)টি প্রতীক হতে যে কোন একটি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে। প্রার্থিতা প্রত্যাহারের পর যে সমস্ত ওয়ার্ডে সংরক্ষিত আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১০ এ সীমাবদ্ধ থাকবে, সে সমস্ত ক্ষেত্রে রিটার্নিং অফিসারকে সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য নির্ধারিত তফসিল-৪ এ বর্ণিত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে।

০৯। **সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের নির্বাচনী প্রতীকের অতিরিক্ত তালিকাঃ** সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য যে ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১০ এর উর্দ্ধে, সে ক্ষেত্রে বিধিমালার ১৯ (৩) বিধি অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত প্রতীকের অতিরিক্ত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে যা নিম্নে দেয়া হলো:

| | |
|---|---|
| ১। আপেল | ৫। ফুটবল |
| ২। টিয়া পাখি | ৬। বাশি |
| ৩। তবলা | ৭। দেয়াত-কলম |
| ৪। প্রেসার কুকার | ৮। হারমোনিয়াম |

১০। **সাধারণ আসনের কাউন্সিলর পদের নির্বাচনী প্রতীকের সাধারণ তালিকাঃ** সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য তফসিল-৫ এ বর্ণিত নির্ধারিত তালিকায় সর্বমোট ১২টি প্রতীক রয়েছে। সাধারণ আসনের কাউন্সিলর পদের প্রার্থীদের উল্লিখিত ১২ (বার)টি প্রতীক হতে যে কোন একটি প্রতীক মনোনয়নপত্রে উল্লেখ করতে হবে।প্রার্থিতা প্রত্যাহারের পর যে সমস্ত ওয়ার্ডে সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এ সীমাবদ্ধ থাকবে, সেই সমস্ত ক্ষেত্রে রিটার্নিং অফিসারকে সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য নির্ধারিত তফসিল-৫ এ বর্ণিত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে।

১১। **সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য নির্বাচনি প্রতীকের অতিরিক্ত তালিকাঃ** সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য যে ক্ষেত্রে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর সংখ্যা ১২ এর উর্দ্ধে, সে ক্ষেত্রে বিধিমালার ১৯ (৩) বিধি অনুযায়ী নির্বাচন কমিশন কর্তৃক নির্ধারিত প্রতীকের অতিরিক্ত তালিকা হতে প্রতীক বরাদ্দ করতে হবে যা নিম্নে দেয়া হলো:

| | |
|---|---|
| ১। ক্যাপ | ৬। প্রদীপ |
| ২। ক্রিসমাস ট্রি | ৭। সূর্যমুখী ফুল |
| ৩। হেলমেট | ৮। স্ট্রবেরি |
| ৪। কাচি | ৯। হেডফোন |
| ৫। ড্রেসিং টেবিল | ১০। পান পাতা |

১২। **রিটার্নিং অফিসার কর্তৃক প্রতীক বরাদ্দকরণঃ** বিধিমালার ১৯ বিধির (২) উপ-বিধি অনুসারে যদি একই প্রতীকের জন্য একাধিক দাবীদার থাকে, তাহলে সেইক্ষেত্রে, যতদূর সম্ভব, প্রার্থীদের ইচ্ছা বিবেচনায় রেখে, রিটার্নিং অফিসার প্রতীক বরাদ্দ করবেন এবং প্রয়োজনবোধে তিনি এই কাজের জন্য লটারীর আশ্রয় গ্রহণ করতে পারবেন। এখানে উল্লেখ্য, প্রতীক বরাদ্দের ক্ষেত্রে রিটার্নিং অফিসারের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে। **রিটার্নিং অফিসার প্রার্থিতা প্রত্যাহারের নির্ধারিত শেষ তারিখ অর্থাৎ ০৮ মার্চ ২০২০ অতিবাহিত হওয়ার অব্যবহিত পরবর্তী দিবসে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের মধ্যে প্রতীক বরাদ্দ করবেন।** কোন অবস্থাতেই উল্লেখিত সময়ের পূর্বে কোন প্রার্থীকে প্রতীক বরাদ্দ করা যাবে না।

১৩। **অতিরিক্ত প্রতীক বরাদ্দের ক্ষেত্রে সতর্কতা অবলম্বন করাঃ** বিধিমালার তফসিলে নির্ধারিত প্রতীকগুলি বরাদ্দ করে নিঃশেষ করার পর রিটার্নিং অফিসারকে অতিরিক্ত প্রতীক বরাদ্দের কাজে হাত দিতে হবে। নির্ধারিত প্রতীক বরাদ্দ নিঃশেষ না করে অতিরিক্ত প্রতীক

বরাদ্দ করা যাবে না। কেননা সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে তফসিলে বর্ণিত নির্ধারিত প্রতীক এবং প্রার্থীর সংখ্যা সমান হলে বা সংখ্যা কম হলে নির্বাচন কমিশন তফসিলে বর্ণিত নির্ধারিত সংখ্যার প্রতীকগুলি ইভিএম মেশিনে অন্তর্ভূক্ত করবে। নির্ধারিত সংখ্যার বেশী প্রার্থী হলে কেবল অতিরিক্ত প্রতীক দ্বারা অতিরিক্ত ব্যালট ইউনিট করা হবে। অতএব, অতিরিক্ত প্রতীক বরাদ্দের ক্ষেত্রে রিটার্নিং অফিসারকে যথেষ্ট সতর্কতা অবলম্বন করতে হবে।

১৪। **প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রস্তুত ও প্রেরণঃ** মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর ও সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীকসহ নির্বাচনের জন্য EVM মেশিন কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম করা হবে। ফলে প্রার্থীদের মধ্যে নির্ধারিত পদ্ধতিতে প্রতীক বরাদ্দ করার পর বরাদ্দকৃত প্রতীকসহ প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রস্তুত করতে হবে। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম প্রস্তুতের সময় ফরম 'চ'-তে বাংলা বর্ণমালার ক্রমানুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম (যেক্ষেত্রে একটি পদে একাধিক প্রার্থীর নাম একই হয়, সেক্ষেত্রে প্রার্থীর পিতার/স্বামীর নাম) এবং প্রত্যেক প্রার্থীর বরাদ্দকৃত প্রতীকের নাম সুনিদিষ্টভাবে উল্লেখপূর্বক নির্ধারিত 'চ' ফরমে প্রতিদ্বন্দ্বী প্রার্থীগণের নামের তালিকা প্রস্তুত করতে হবে। এক্ষেত্রে প্রার্থীদেরকে প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা (বরাদ্দকৃত প্রতীকসহ) সরবরাহ করবেন এবং তাদের স্বাক্ষর নিবেন। প্রতীক বরাদ্দের পর প্রতিদ্বন্দ্বী প্রার্থীদের তালিকা প্রস্তুতের সাথে সাথেই নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে। **এক্ষেত্রে উল্লেখ্য যে, 'চ' ফরমের উপরে ডানদিকের কোনায় প্রত্যেক পদের বিপরীতে ভোটার সংখ্যা উল্লেখ করে নির্বাচন কমিশন সচিবালয়ে প্রেরণ করতে হবে।**

১৫। যেহেতু, মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর নাম ও প্রতীকসহ ইভিএম মেশিন কাস্টমাইজেশন ও অন্যান্য কার্যক্রম গৃহীত করতে হবে সেহেতু, প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা প্রস্তুত ও প্রকাশের সাথে সাথেই তা নির্বাচন কমিশন সচিবালয়ের নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-১ শাখা, ইভিএম প্রকল্প ও জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ সংশ্লিষ্ট কর্মকর্তার ইন্ট্রানেটে প্রেরণ করে অবশ্যই টেলিফোনে নিশ্চিত করতে হবে। প্রতিদ্বন্দ্বী প্রার্থীর তালিকা অবশ্যই **০৯ মার্চ ২০২০** তারিখের মধ্যে বিশেষ দূত মারফত প্রেরণ করতে হবে।

১৬। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো ।

০২/০৩/২০২০

( মোঃ আতিয়ার রহমান )
উপসচিব
নির্বাচন পরিচালনা-০২ অধিশাখা
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
Email: sasemc1@gmail.com

প্রাপক : আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, চট্টগ্রাম অঞ্চল, চট্টগ্রাম
ও
রিটার্নিং অফিসার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন নির্বাচন

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০১২.১৯-১৩৬

তারিখ: ২৪ ফাল্গুন ১৪২৬ / ০৮ মার্চ ২০২০

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হ'ল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩. সিনিয়র সচিব, ........................................................ (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৪. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৫. সচিব/ভারপ্রাপ্ত সচিব .................................................. (সংশ্লিষ্ট) মন্ত্রণালয়/বিভাগ
৬. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/র‌্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‌্যাব), ঢাকা
৭. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৮. বিভাগীয় কমিশনার, চট্টগ্রাম বিভাগ ও আপিল কর্তৃপক্ষ
৯. উপ মহাপুলিশ পরিদর্শক, চট্টগ্রাম রেঞ্জ
১০. পুলিশ কমিশনার, চট্টগ্রাম মেট্রোপলিটন পুলিশ, চট্টগ্রাম
১১. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১২. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৩. মহাব্যবস্থাপক, ক্রেডিট ইনফরমেশন ব্যুরো, বাংলাদেশ ব্যাংক, ঢাকা

১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]

১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করার জন্য অনুরোধ করা হ'ল]

১৬. জেলা প্রশাসক, চট্টগ্রাম

১৭. পুলিশ সুপার, চট্টগ্রাম

১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা

১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার, ..................... (সংশ্লিষ্ট)

২০. ..........................................................................................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২১. উপজেলা নির্বাহী অফিসার,...........................................................(সংশ্লিষ্ট)

২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, চট্টগ্রাম

২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনারের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব,.................................................................এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৫. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)

২৬. উপজেলা/ থানা নির্বাচন কর্মকর্তা,........................................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার

২৭. ভারপ্রাপ্ত কর্মকর্তা...........................................................(সংশ্লিষ্ট) থানা।

০৮/০৬/২০২০

( মোহাম্মদ মোরশেদ আলম )
সিনিয়র সহকারী সচিব
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন: ০২-৫৫০০৭৬১০